দৈনিক সংবাদ

APR 30 1999
তারিখ
পৃষ্ঠা ৭ কলাম ৬

173

## জা.বি শিক্ষক রাজনীতিতে আবার মেরুকরণ

# আ'লীগ ও কিছু বামপন্থীর মিশেলে নতুন গ্রুপ 'মূলধারা'

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক রাজনীতিতে আবার মেরুকরণ ঘটেছে। গত ২৫শে এপ্রিল রোববার মূল আওয়ামী লীগ ও কিছু বাম-পন্থী শিক্ষকের নতুন গ্রুপ 'মূলধারা' নামে আত্মপ্রকাশ করেছে। মূলধারার সাথে সংশ্লিষ্ট শিক্ষকবৃন্দ এই গ্রুপকে মুক্তিযুদ্ধের প্রকৃত পক্ষশক্তি এবং প্রকৃত প্রগতিশীলদের গ্রুপ বলে দাবি করেছেন।

বঙ্গবন্ধু পরিষদের বর্তমান ভারপ্রাপ্ত সভাপতি অধ্যাপক সুভাষ চন্দ্র দাস 'মূলধারা'র সভাপতি এবং সাবেক প্রোক্টর ও বর্তমানে নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের সভাপতি আফসার আহমদ মহাসচিব নির্বাচিত হয়েছেন। গত ২৫শে এপ্রিল সংগঠনটির আত্মপ্রকাশ অনুষ্ঠানে শিক্ষক সমিতির দুজন সাবেক সাধারণ সম্পাদক পরিসংখ্যান বিভাগের এম, এ মতিন এবং ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগের অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হকসহ মোট ২১ জন শিক্ষক উপস্থিত ছিলেন বলে জানা গেছে। বর্তমানে 'মূলধারা'র সাথে প্রায় চল্লিশজন শিক্ষক যুক্ত আছেন বলে সংশ্লিষ্ট শিক্ষকরা জানিয়েছেন। উল্লেখ্য, এই প্রথম জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ভিন্ন রাজনৈতিক মতাদর্শের দুটি স্বতন্ত্র শিক্ষক গ্রুপের পাশাপাশি অবস্থান করার ঘটনা ঘটাল। এর আগে শিক্ষক রাজনীতিতে দুটি গ্রুপের অস্তিত্ব থাকলেও উভয় গ্রুপেই ভিন্ন ভিন্ন রাজনৈতিক মতাদর্শে বিশ্বাসী শিক্ষকরা একত্রে অবস্থান করেছেন। এ বছর ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত শিক্ষক নির্বাচনের সময় সর্বপ্রথম কট্টর বিএনপি পন্থী শিক্ষকদের স্বতন্ত্র গ্রুপ 'জাতীয়তাবাদী গণতান্ত্রিক শিক্ষক পরিষদ' গঠিত হয়। এ সময় বর্তমান উপাচার্য ডঃ আলাউদ্দিন আহমদের নেতৃত্বাধীন 'মুক্তিযুদ্ধের সপক্ষ শক্তি' গ্রুপটির সাথে বিএনপি পন্থী প্রভাবশালী শিক্ষক ডঃ খন্দকার মুস্তাহিদুর রহমান; অধ্যাপক এনামুল হক খান প্রমুখের নেতৃত্বে উল্লেখযোগ্য সংখ্যক বিএনপি পন্থী শিক্ষক যোগ দিলে এ গ্রুপটি কার্যত 'আওয়ামী-বিএনপি' গ্রুপের রূপ নেয়। এ বছর শিক্ষক সমিতির নির্বাচনের সময় থেকেই শিক্ষক রাজনীতিতে বিএনপি পন্থী শিক্ষকদের প্রাধান্য লক্ষ্য করা যায় এবং আওয়ামী পন্থী শিক্ষকরা কার্যত নিষ্ক্রিয় হয়ে পড়েন। শিক্ষক সমিতি নির্বাচনের পর থেকেই আওয়ামী পন্থী শিক্ষকদের নতুন একটি গ্রুপ গঠনের জোর প্রচেষ্টার কথা বিভিন্ন সূত্র থেকে শোনা যাচ্ছিল। শেষ পর্যন্ত গত ২৫শে এপ্রিল আওয়ামী পন্থী শিক্ষকদের নতুন গ্রুপ 'মূলধারা' আত্মপ্রকাশ করে। এটি গঠনের পটভূমি প্রসঙ্গে 'মূলধারা'র বর্তমান সভাপতি ডঃ সুভাষচন্দ্র দাস জানান, 'কিছুদিন যাবৎ শিক্ষক রাজনীতিতে এমন এক ধরনের পরিস্থিতি ছিল যে, সত্যিকার অর্থে মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী ও প্রগতিশীল শিক্ষকরা নিজেদের প্রকৃত প্লাটফরম খুঁজে পাচ্ছিলেন না। মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী প্রকৃত প্রগতিশীল শিক্ষকদের জন্য 'মূলধারা'র দরজা উন্মুক্ত থাকবে। তবে যারা মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী নন, তারা 'মূলধারা'র জায়গা পাবেন না। তিনি আরও বলেন, 'ক্যাম্পাসের ভাবমূর্তি উজ্জ্বল করার লক্ষ্যে 'মূলধারা' কাজ করে যাবে এবং সব ধরনের অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে সবসময়ই সোচ্চার থাকবে। আগামী জুলাই থেকে ডিসেম্বর মাসের মধ্যে যেকোন সময় অনুষ্ঠিতব্য সিন্ডিকেটের বিভিন্ন ক্যাটাগরিতে সদস্য নির্বাচনে 'মূলধারা' স্বতন্ত্র গ্রুপ হিসেবে প্রার্থী দেবে কিনা— সে সম্পর্কে জানতে চাইলে তিনি কোন মন্তব্য করতে অস্বীকৃতি জানান।